

“দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়”।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১ - ৫২

তারিখঃ ২১/০৮/২০২১ খ্রিঃ।

তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় ভৌত কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। সে কারণে ২০২১-২০২২ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি জমাদানের মেয়াদ আগামী ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখ হতে ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। সে মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত মাত্র) টাকা সর্বশেষ আগামী ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ

- ১) যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) অর্থ বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন তারাও প্রতি অর্থ বছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন। তবে ধারাবাহিকভাবে ০৩ (তিন) অর্থ বছরের অধিককাল জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ২) অত্র দপ্তরে তালিকাভুক্ত ঠিকাদারগণ লাইসেন্স নবায়ন করতঃ খাদ্য অধিদপ্তরাধীন আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) 'র আওতায় দরপত্রেও অংশগ্রহণ করতে পারবে।
- ৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
- ৪) ইহা মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে জারী করা হলো।

মোঃ মুসলিম উদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ই-মেইল se.mu@dgfood.gov.bd

তারিখঃ ২১/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১ - ৫২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল),
- ৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৮। মাষ্টার কপি;
- ৯। অফিস কপি।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।